দৈনিক বাংলা

তারিখ ২১/২/৭৯
পৃষ্ঠা ১ কলাম ৫

066



# মফিজউদ্দিনের ইন্তেকাল

(স্টাফ রিপোর্টার)

প্রাক্তন শিক্ষামন্ত্রী জনাব মফিজউদ্দিন আহমেদ মঙ্গলবার সকালে হলি ফ্যামিলি হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮২। সেরিব্রাল থ্রম্বসিসে আক্রান্ত হবার পর গত বৃহস্পতিবার জনাব আহমেদকে গুরুতর অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতালে তিনি ক্যাপ্টেন হোসেনের

(৩-এর পৃঃ দ্রঃ)

# ভোটদানের হার ৪৯·৭৩%

রোববারের সংসদ নির্বাচনে ভোটদানের হার হচ্ছে শতকরা ৪৯ দশমিক ৭৩ ভাগ।

মঙ্গলবার ঢাকায় বেসরকারীভাবে এ কথা ঘোষণা করা হয়।

বাসসের খবরঃ প্রাপ্তবয়স্কদের

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

# এক নজরে

(স্টাফ রিপোর্টার)

সর্বশেষ দলভিত্তিক বেসরকারী ফলাফল নিচে দেয়া হলো:

| | | |
|---|---|---|
| বিএনপি | — | ২০৫ |
| আঃ লীঃ (মা) | — | ৪০ |
| এমএল/আইডিএল | — | ১৯ |
| জাসদ | — | ৯ |
| আঃ লীগ (মি) | — | ২ |
| গণফ্রন্ট | — | ২ |
| জাতীয় লীগ | — | ২ |
| ন্যাপ (মো) | — | ১ |
| একতা পার্টি | — | ১ |
| গণতান্ত্রিক আন্দোলন | — | ১ |
| নির্দলীয় | — | ১৬ |

দৈনিক বাংলা

তারিখ ২১/২/৭৯
পৃষ্ঠা ৩ কলাম ৩

# ইন্তেকাল

(১-এর পৃঃ পর)

চিকিৎসাধীন ছিলেন।

মরহুমের নামাজে জানাজা গতকাল বায়তুল মোকাররম প্রাঙ্গণে আসর নামাজের পর অনুষ্ঠিত হয়েছে। তাঁর নামাজে জানাজায় মহানগরীর বহু বিশিষ্ট ব্যক্তি শরীক হন। তাঁকে বনানী গোরস্তানে দাফন করা হয়েছে।

প্রসঙ্গত উল্লেখ্য, কৃতিত্বময় জীবনের অধিকারী, জনাব আহমেদ ছিলেন কুমিল্লা জেলার বাশিন্দা।

মৃত্যুকালে তিনি ৬ পুত্র ও ২ কন্যা এবং বহু আত্মীয়-স্বজনসহ অগণিত শুভাকাংক্ষী রেখে গেছেন। তাঁর এক পুত্র জনাব গোলাম মোস্তফা বর্তমানে বেসামরিক বিমান চলাচল বিভাগের সচিব এবং অন্য এক পুত্র জনাব গোলাম মোর্শেদ পুলিশের স্পেশাল ব্রাঞ্চের সুপারিনটেন্ডেন্ট।

## সংক্ষিপ্ত পরিচিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯২৫ সালে আইন বিভাগে স্নাতক ডিগ্রী লাভের পরই জনাব আহমেদ তাঁর কুমিল্লায় কর্মজীবন শুরু করেন।

১৯৩৭ সালে তিনি বঙ্গীয় আইন সভার সদস্য নির্বাচিত হন। এবং ১৯৪১ সালে তিনি শিক্ষা বিভাগের দায়িত্ব নিয়ে পার্লামেন্টারী সেক্রেটারী নিযুক্ত হন।

১৯৪৬ সালে তিনি দ্বিতীয় বার পরিষদ সদস্য হিসেবে নির্বাচিত হন এবং হোসেন শহীদ সোহরাওয়ার্দী মুখ্যমন্ত্রী থাকাকালীন সময়ে আবার পার্লামেন্টারী সেক্রেটারী হন।

১৯৪৮ সালে তিনি শিক্ষামন্ত্রী হন এবং ১৯৫৪ সাল পর্যন্ত তিনি এই দায়িত্ব পালন করেন।

১৯৬২ সালে তিনি আবার তৎকালীন পাকিস্তান পরিষদের সদস্য নির্বাচিত হন এবং প্রাদেশিক শিক্ষা মন্ত্রীত্ব লাভ করেন। ১৯৬৫ সাল পর্যন্ত তিনি এ পদে অধিষ্ঠিত ছিলেন।

মরহুমের কুলখানি আগামী শুক্রবার বিকেল সাড়ে তিনটায় তাঁর সেগুনবাগিচাস্থ বাসভবনে অনুষ্ঠিত হবে।